

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩২৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوْلُ

### আরবী

وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ: أَنَّهُ خَطَبَ بِالْجَابِيَةِ فَقَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ لُبْسِ الْحَرِيرِ إِلَّا مَوْضِعَ إِصْبَعَيْنِ أَوْ ثَلَاث أَو أَربع

#### বাংলা

৪৩২৪-[২১] মুসলিম-এর এক রিওয়ায়াতে আছে- একদিন 'উমার (রাঃ) সিরিয়ার জাবিয়াহ্ নামক শহরে এক ভাষণে বলেছেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম দুই, তিন অথবা চার আঙ্গুলের অধিক পরিমাণ রেশমী কাপড় পরিধান করতে নিষেধ করেছেন।[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০৬৯)-১৫, সহীহ ইবনু হিব্বান ৫৪৩৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৬৮৪, তিরমিয়ী ১৭২১, হিলইয়াতুল আওলিয়া ৪/১৭৭ পৃঃ।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে পূর্ব বর্ণিত হাদীসের চেয়ে একটু বেশি রেশমী বস্ত্র পরিধানের অনুমতি প্রদত্ত হয়েছে। অর্থাৎ দুই থেকে চার আঙ্গুল পরিমাণ রেশমী বস্ত্র পুরুষের জন্য অনুমোদিত। হানাফী মাযহাবে এ হাদীসের ভিত্তিতে চার আঙ্গুল পরিমাণ রেশমী কাপড় পরিধান অনুমোদন করে, যেমন কাপড়ের পাড় কিংবা ঝালর, চার আঙ্গুল পরিমাণ হলে তা বৈধ। (মিরক্লাতুল মাফাতীহ; 'আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪০৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 75048$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন